ইত্তেফাক

027

তারিখ ... ১৯।২।৮৩
পৃষ্ঠা ... ৬ কলাম ৫

490

## বরিশালে ৬টি এস এস সি ও ১৬টি এইচ এস সি পরীক্ষা কেন্দ্র বাতিল

বরিশাল, ৯ই ফেব্রুয়ারী (নিজস্ব সংবাদদাতার তার)—এ বছর জেলার ৬টি এস এস সি ও ১৬টি এইচ এস সি পরীক্ষা কেন্দ্র বিভিন্ন কারণে বাতিল করিয়া দেওয়া হইয়াছে। পরীক্ষা কেন্দ্রগুলি হইতেছে : এস এস সি—ওয়াজিরপুর, বানরীপাড়া, রাজাপুর, রহমতপুর, চাখার ও গুয়াতন। এইচ এস সি—রাকুদিয়া, বাকেরগঞ্জ, পাটের হাট, গৌরনদী, শিকারপুর, ভাণ্ডারিয়া, মঠবাড়িয়া, চাখার, স্বরূপকাঠি, কাউখালী, বোরহানুদ্দিন, চরফ্যাশন, লালমোহন, বিনয়কাঠি,

(৫ম পৃঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষা কেন্দ্র বাতিল

( ৩য় পৃঃ পর )

রাজাপুর ও গুয়াতন।

গত বছর জেলায় উল্লেখযোগ্য সংখ্যক পরীক্ষা কেন্দ্র খোলা হয়। কিন্তু ইহার জন্য জেলা প্রশাসনের সুপারিশ গ্রহণ করা হয় নাই। শিক্ষা মন্ত্রণালয়ের সরাসরি নির্দেশে শিক্ষা বোর্ড পরীক্ষা কেন্দ্রগুলি খুলিয়া ছিল। এই বছর পরীক্ষা কেন্দ্রগুলি বাতিল করিয়া দেওয়ায় জেলার বিপুলসংখ্যক শিক্ষার্থীর ভবিষ্যৎ অনিশ্চিত হইয়া পড়িয়াছে।